

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৮

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২১. যেকোন বিষয়ে ফতওয়া চাওয়ামাত্রই যে ব্যক্তি লোকদেরকে ফতওয়া দিয়ে বেড়ায়- তার সম্পর্কে

بَابِ فِي الَّذِي يُفْتَنُ النَّاسُ فِي كُلِّ مَا يَسْتَفْتَنُ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ، أَبْنَاءِنَا أَبْوُ أَسَامَةَ، عَنْ هِشَامِ بْنِ حَسَانَ، عَنْ مُحَمَّدٍ، عَنْ أَبِي عُبَيْدَةَ بْنِ حُذَيْفَةَ قَالَ: قَالَ حُذَيْفَةُ رَضِيَ اللَّهُ عَنْهُ: "إِنَّمَا يُفْتَنُ النَّاسَ أَحَدُ ثَلَاثَةِ: رَجُلٌ عَلِمَ نَاسِخَ الْقُرْآنَ مِنْ مَنْسُوخِهِ، قَالُوا: وَمَنْ ذَاكَ؟ قَالَ: عُمَرُ بْنُ الْخَطَّابِ - قَالَ: «وَأَمِيرٌ لَا يَجِدُ بُدًّا، أَوْ أَحْمَقٌ مُتَكَلِّفٌ» ثُمَّ قَالَ مُحَمَّدٌ: فَلَسْتُ بِوَاحِدٍ مِنْ هَذِينَ، وَأَرْجُو أَنْ لَا أَكُونَ الثَّالِثَ

বাংলা

১৭৮. আবী ওবাইদাহ ইবনু হ্যায়ফা হতে বর্ণিত, তিনি বলেন, হ্যায়ফা রাদিয়াল্লাহু আনহু বলেন, কেবলমাত্র তিনি প্রকারের মানুষ লোকদেরকে ফতওয়া দিতে পারে: (এক) যে ব্যক্তি আল-কুরআনের নাসিখ ও মানসুখ সম্পর্কে জ্ঞানী। তারা বলল, হে হ্যায়ফা! এই ব্যক্তিটি কে? তিনি বললেন, উমার বিন খাত্বাব। তিনি বলে চললেন, (দুই.) সেই শাসক যার (ফতওয়া না দিয়ে) গত্যন্তর থাকে না; কিংবা বোকা, (কিন্তু জ্ঞানীর) ভানকারী।

অতঃপর মুহাম্মদ বলেন: আর আমি তো এ দু'প্রকার (উমার ইবনুল খাত্বাব কিংবা শাসক) এর অন্তর্ভুক্ত নই-ই, আর আমি আশা করি আমি তৃতীয় প্রকারেরও (ভানকারী আহাম্মকের) অন্তর্ভুক্ত নই।<sup>[1]</sup>

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ জায়েদ (উত্তম)।

তাখরীজ: ইবনুল জাওয়ী, নাসিখুল কুরআন মিনাল মানসুখ, পঃ: ১৩৪ (আমাদের তাহকীককৃত) সেখানে আমরা এর তাখরীজ করেছি।

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69489>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন